১৪

দৈনিক বাংলা

তারিখ ... 13 APR 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

# জাতিগঠনে মাদ্রাসা শিক্ষাকে কাজে লাগান ঃ সালাম

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার জাতিগঠনে এবং জাতীয় সমৃদ্ধি অর্জনে মাদ্রাসা শিক্ষাকে সমান্তরালভাবে কাজে লাগাবার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি মঙ্গলবার ঢাকায় ইঞ্জিনীয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলন '৯৪-এ প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষা একটি স্বীকৃত শিক্ষা ব্যবস্থা। অতএব, সাধারণ শিক্ষার সঙ্গে এর বৈষম্যের কোন অবকাশ নেই। তিনি বলেন, সাধারণ শিক্ষা ব্যবস্থায় যে সব সুযোগ-সুবিধা রয়েছে, পর্যায়ক্রমে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রেও সে সব সুযোগ-সুবিধা দেয়া হবে।